

বাংলা বিভাগীয় চেয়ারম্যান ও পরিচালক ১৮-
ত্রিপুরা।
৩০২২-২৩।
প্রতিষ্ঠানের
নির্মাণ কর্তৃত সংস্থা।
বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠান
১৮-
১৮-
১৮-
১৮-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়
www.shed.gov.bd

নং: ৩৭.০০.০০০০.০৬৪.০৯৯.০০৩.২৩.৪৬

তারিখ: ১১ মার্চ ১৪২৯
২৫ জানুয়ারি ২০২৩

বিষয়টি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২৩ অর্থবছরে পরিচালন বাজেটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের জন্য বিশেষ অনুদান হিসেবে বরাদ্দকৃত অর্থ উপযুক্ত শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের মধ্যে স্বচ্ছ ও সুস্থুভাবে বিতরণের লক্ষ্যে “শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের অনুদান প্রদানের জন্য অনুসরণীয় নীতিমালা (সংশোধিত-২০২০)” অনুযায়ী নিম্নে বর্ণিত শর্তে শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের নিকট হতে আবেদন আহবান করা যাচ্ছে (নীতিমালা www.shed.gov.bd তে পাওয়া যাবে)।

- (ক) দেশের সকল স্থানীয় বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের (এম.পি.ও. ডুক্ত ও নন এম.পি.ও. ডুক্ত) মেরামত ও সংস্কার, আসবাবপত্র সংগ্রহ, পাঠাগার স্থাপন, খেলাধূলার সরঞ্জাম সংগ্রহ, প্রতিষ্ঠানকে প্রতিবর্কী বাক্ব করার জন্য অনুদানের আবেদন করা যাবে। শিক্ষা প্রতিষ্ঠান বাহাইয়ের ক্ষেত্রে অন্তর্গত এলাকার শিক্ষা প্রতিষ্ঠান অর্থ লেখাপড়ার মান তালো এরূপ প্রতিষ্ঠান-কে অগ্রাধিকার প্রদান করা হবে;
- (খ) বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের (এম.পি.ও. ডুক্ত ও নন এম.পি.ও. ডুক্ত) শিক্ষক কর্মচারীগণ তাঁদের দুরারোগ্য ব্যাধি ও দৈব দুর্ঘটনার জন্য অনুদানের আবেদন করতে পারবেন;
- (গ) সরকারি বা বেসরকারি সাধারণ শিক্ষা প্রতিষ্ঠানের (এম.পি.ও. ডুক্ত ও নন এম.পি.ও. ডুক্ত) ছাত্র-ছাত্রীদের দুরারোগ্য ব্যাধি ও দৈব দুর্ঘটনা এবং শিক্ষা গ্রহণ কাজে ব্যয়ের জন্য আবেদন করতে পারবে। এ অনুদান প্রদানের ক্ষেত্রে দুষ্প্রতিবর্কী, অসহায়, রোগগ্রস্ত, গরীব, মেধাবী ও অন্তর্গত এলাকার ছাত্র-ছাত্রীদের অগ্রাধিকার প্রদান করা হবে;
- (ঘ) উক্ত খাতে মঙ্গুরি/অনুদান প্রাপ্তির জন্য আগ্রহী শিক্ষা প্রতিষ্ঠান প্রধান, শিক্ষক-কর্মচারী এবং ছাত্র-ছাত্রীকে আগামী ০৫ ফেব্রুয়ারি হতে ২৮ ফেব্রুয়ারি ২০২৩ তারিখের মধ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে (www.shed.gov.bd) শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী এবং ছাত্র-ছাত্রীদের অর্থিক অনুদানের আবেদন ফরম বাটনে ক্লিক করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না;
- (ঙ) শিক্ষা প্রতিষ্ঠানের আবেদনের ক্ষেত্রে অনুদানের প্রয়োজনীয়তার বিষয়ে ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভাপতি কর্তৃক প্রদত্ত এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রতিপাদিত প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;

- (চ) শিক্ষক-কর্মচারী ক্যাটাগরিতে আবেদনের ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র নম্বর প্রদানসহ চিকিৎসা সংক্রান্ত যাবতীয় ডাক্তারি সনদ এবং দৈব দুর্ঘটনার স্বপক্ষে প্রমানপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;
- (ছ) স্কুল-কলেজের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে জন্মনির্বক্তন সনদ নম্বর প্রদান করতে হবে। আবেদনের সাথে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ের ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বিভাগীয় প্রধানের প্রত্যয়নপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে;
- (জ) শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব ব্যাংক হিসাবে অনলাইন এর মাধ্যমে প্রদান করা হবে। সুতরাং অনলাইন আবেদনকালে ব্যাংক হিসাবের তথ্য যথাযথভাবে পূরণ করতঃ উক্ত হিসাবের প্রমাণক হিসেবে MICR চেক বই এর ১টি চেক পাতার PDF কপি সংযুক্ত করতে হবে;
- (ঝ) শিক্ষক-কর্মচারী ও ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বরাদ্দকৃত অর্থ মোবাইল ব্যাংকিং নগদ এর মাধ্যমে প্রদান করা হবে। সুতরাং অনলাইন আবেদনকালে নগদ লেনদেন চালু রয়েছে এমন ব্যক্তিগত মোবাইল নম্বর প্রদান করতে হবে। এজেন্ট নম্বর বা মার্চেন্ট নম্বর গ্রহণযোগ্য নয়;
- (ঞ) ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী অনুদান পেয়েছেন সে সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষক-কর্মচারী এ বছর (চলতি ২০২২-২৩ অর্থবছর) আর্থিক অনুদানের জন্য আবেদন করতে পারবেন না;
- (ট) ২০২১-২২ অর্থবছরে যে সকল ছাত্র-ছাত্রী অনুদান পেয়েছেন সে সকল ছাত্র-ছাত্রী এ বছর (চলতি ২০২২-২৩ অর্থবছর) আর্থিক অনুদানের জন্য আবেদন করতে পারবেন না;
- (ঠ) প্রতিবর্ষীভাবে ক্ষেত্রে সংশ্লিষ্ট সমাজ কল্যাণ কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ‘প্রতিবক্তী সনদ’ সংযুক্ত করতে হবে;
- (ড) অসম্পূর্ণ আবেদন বা আবেদনের হার্ডকপি গ্রহণযোগ্য নয়।

Dec 20/2023
(মোঃ নূর-ই-আলম)

উপসচিব

ফোন: ৯৫১২২০৫

ই-মেইল: moebudgetsection@gmail.com